



গতকাল (শনিবার) প্রেসক্রাভের সম্মুখে রাস্তায় মাধ্যমিক শিক্ষকদের অবস্থান ও গণঅনশন —ইত্তেফাক

ধর্মঘটী শিক্ষকদের গণ অনশন ॥ ৭ জন হাসপাতালে

(ইত্তেফাক রিপোর্ট)
গতকাল (শনিবার) ৫১ জন
ধর্মঘটী প্রাথমিক শিক্ষক জাতীয়
প্রেস ক্লাবের সম্মুখে আমরণ
অনশন শুরু করিয়াছেন।
ইহার পূর্বে তোপখানা রোডে
কয়েক হাজার শিক্ষক অবস্থান
গ্রহণ করেন।
সারাদিন গ্রীষ্মের প্রখর রৌদ্রের
মুখে খোলা রাস্তার উপর শিক্ষক-
শিক্ষয়িত্রীদের এই অবস্থান ও
গণ অনশনকালে নারায়ণগঞ্জ,
বগুড়া, চাঁদপুর হইতে আগত
(১২শ পৃঃ ৩-এর কঃ দঃ)

গণঅনশন

(১ম পৃঃ পর)

এজন শিক্ষক-শিক্ষয়িত্রী অস্থিত
হইয়া পড়েন। তাহাদের হাস-
পাতালে স্থানান্তর করা হই-
য়াছে। সচিবালয়ের ফটকবর্তী
লিংকরোডে অবস্থান গ্রহণে পুলিশ
ধর্মঘটী শিক্ষকদের বাধাদানের
পর তাহারা তোপখানা রোডে
অবস্থান গ্রহণ করেন। রাত
পর্যন্ত এই অবস্থান অব্যাহত
থাকে। ১২ঘণ্টার অবস্থান শেষে
আন্দোলনের নেতৃস্থান জ্ঞানান,
অবিরাম অবস্থান ও অনশন অব্যা-
হত থাকিবে। গতকাল পর্যন্ত
কতৃপক্ষ দাবী মানিয়া নেন নাই।
এদিকে বিভিন্ন পেশাজীবী আন্দোল-
নের নেতৃস্থান তোপখানা রোডে
আসিয়া শিক্ষক-শিক্ষয়িত্রীদের
প্রতি একাত্মতা প্রকাশ করিয়া
গিয়াছেন। উদ্যোক্তারা জানাই-
য়াছেন, আজ (সোমবার) আরও
শিক্ষক-শিক্ষয়িত্রী এই অবস্থানে
যোগ দিবেন।

হাসপাতালে স্থানান্তরিত
শিক্ষক ও শিক্ষিকাগণ হইতেছেন :
মিসেস সাফিকুন নাহার হাসমত,
প্রধান শিক্ষিকা, বিবি মরিয়ম উচ্চ
বালিকা বিদ্যালয়, নারায়ণগঞ্জ,
মিসেস হোসনে আরা বেগম,
প্রধান শিক্ষিকা, সিটি গার্ল'স
হাইস্কুল, বগুড়া, নিভা রাণী
দাস, প্রধান শিক্ষিকা, নবীগঞ্জ
গার্ল'স হাইস্কুল, নারায়ণগঞ্জ,
মিঃ অঞ্জিৎ কুমার সাহা, প্রধান
শিক্ষক, বিএম ইউনিয়ন হাইস্কুল,
নারায়ণগঞ্জ, জনাব আবদুল
মালেক, প্রধান শিক্ষক, বঙ্গ
গার্ল'স হাইস্কুল, জনাব হাবিবুর
রহমান জুইয়া, প্রধান শিক্ষক
খিলগাঁও হাইস্কুল, জনাব আবু
তাহের মাস্টার, প্রধান শিক্ষক,

বেড়াপুর হাইস্কুল, চাঁদপুর ও জনাব
শওকত আলী, সহকারী শিক্ষক,
বার একাডেমী, নারায়ণগঞ্জ।
শিক্ষকদের অবস্থানের ফলে
সচিবালয়ের সম্মুখ রাস্তায় যান-
বাহন চলাচল বন্ধ থাকে। দেশের
বিভিন্ন স্থান হইতে আগত শিক্ষক
প্রতিনিধিগণ রাস্তায় অবস্থানরত
শিক্ষকদের উদ্দেশে বক্তৃতা
করেন। বক্তৃতার মাঝে মাঝে
গণসঙ্গীত পরিবেশন করা হয়।

এক প্রস্তাব জন্মাবে সমন্বয়
পরিষদের পক্ষ হইতে জনাব
কামরুজ্জামান বলেন, আমাদের
ধর্মঘটের ফলে মাধ্যমিক সার্টি-
ফিকেট পরীক্ষা যেমন নিবিঘ্নে
অনুষ্ঠিত হয় নাই, তেমনি এই
মের নির্বাচন শিক্ষকদের সহযো-
গিতা ছাড়া নিবিঘ্ন হইবে না।
তিনি বলেন, দাবী মানা না
হইলে নির্বাচনের কর্মকাণ্ডে অংশ
নেওয়ার প্রশ্নই উঠে না। এমনকি
আমি নিজেও নির্বাচন হইতে
সরিয়া দাঁড়াইব এবং ১৫ দলকে
বলিব অব্যাহতি দিতে।

নেজামে ইসলাম পার্টি এক
বিস্মৃতিতে বলিয়াছে, শিক্ষকদের
দুই দফা দাবী ভ্রাসঙ্গত। দাবী
পূরণে কতৃপক্ষের অনমনীয় মনো-
ভাব ছাত্র-শিক্ষক উভয়ের জন্মই
সংকটজনক পরিস্থিতি সৃষ্টি
করিবে।

আওয়সচেতন আন্দোলন-সমি-
তির অভিভাবক সাব-কমিটি
ধর্মঘটী শিক্ষকদের কাছে যোগ-
দানের আহ্বান জানাইয়াছে।
সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে
বলা হয়, ইহার ফলে শিক্ষক
সমন্বয় পরিষদ অদূর ভবিষ্যতে
নির্বাচিত সরকারের সহিত সম্মান-